**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 07-11-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## PM to inaugurate :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে রাষ্ট্রগীত "বন্দে মাতরম"-এর ১৫০ বছর পূর্তির বর্ষব্যাপী উদযাপনের সূচনা করবেন। এই উপলক্ষে তিনি একটি স্মারক ডাকটিকিট এবং মুদ্রাও প্রকাশ করবেন। গতকাল সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, এই দিনটি প্রতিটি ভারতীয়র জন্য একটি স্মরণীয় উপলক্ষ। তিনি বন্দে মাতরমকে অনুপ্রেরণা ও দেশপ্রেমের স্থায়ী চেতনা জাগিয়ে তোলার আহ্বান হিসেবে বর্ণনা করেন। উদযাপনে "বন্দে মাতরম" গানটির পূর্ণ সংস্করণ সমাজের সকল শ্রেণীর মানুষের অংশগ্রহণে সমবেতভাবে পরিবেশিত হবে। উল্লেখ্য, এই গানটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭৫ সালের ৭ নভেম্বর লিখেছিলেন।

এদিকে, কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেছেন, দাসত্বের শৃঙ্খল থেকে দেশকে মুক্ত করতে এবং জনগণকে ঐক্যবদ্ধ করতে, বন্দে মাতরম গানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। নয়াদিল্লিতে বন্দে মাতরম প্রদর্শনীতে গতকাল শ্রী শেখাওয়াত বলেন, বন্দে মাতরমের সুর দেশের স্বাধীনতা আন্দোলনের সম্মিলিত মন্ত্র হয়ে উঠেছিল।

************************

## 150 years of Vande Mataram-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সচিবালয় প্রাঙ্গণে আজ সকাল ১০টায় বন্দেমাতরম রচনার ১৫০ বছর পূর্তির রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন

করবেন| রাজ্যের প্রতিটি জেলায়, মহকুমায়, আগরতলা পুর নিগম এবং অন্যান্য পুর সংস্থাগুলিতেও একইসঙ্গে এই অনুষ্ঠানের আয়োজন করা হবে।

মুখ্যমন্ত্রী গতকাল এক ভিডিও বার্তায় বন্দেমাতরম গানটির ১৫0 বছর উদযাপন উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য সবার প্রতি আহ্বান রেখেছেন। তিনি বলেছেন, এই কর্মসূচিটি বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে প্রেরণা সঞ্চার করবে।

************************

**150 years of Vande Mataram-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে আমবাসা টাউন হলে বন্দেমাতরম এর ১৫0 বছর পূর্তি উপলক্ষ্যে ধলাই জেলাভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন| তাছাড়া তিনি আমবাসা সার্কিট হাউসে এডিসি আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন|

এদিকে, শ্রী নাল্লু গতকাল খোয়াই, বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের পহরমুড়া, গৌরনগর, বেলছড়া, বগাবিল, খেংরা বাড়ি প্রভৃতি এলাকায় যান। রাজ্যপাল ওয়াচ টাওয়ার পরিদর্শন করেন এবং কর্মরত বিএসএফ জওয়ানদের সঙ্গে কথা বলেন।

************************

**CM-Dhalai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন কর্মসূচিতে ব্রু জনজাতি গোষ্ঠীর সুবিধা প্রাপকদের জন্য একগুচ্ছ সুবিধা তুলে দিতে পেরে সন্তোষ ব্যক্ত করেছেন। তিনি বলেন, ব্রু জনজাতির জন্য অন্যান্য সুবিধার পাশাপাশি, রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তরের দক্ষতা বিকাশ বিভাগের উদ্যোগে তাদের রোজগারের সম্ভাবনা হিসেবে বিভিন্ন

ট্রেডে প্রশিক্ষণের ব্যবস্থা হয়। গতকাল ধলাই জেলার ছৈলেংটা বাজার মাঠে, রাজ্যস্তরের আনুষ্ঠানিক টুলকিট বন্টনের কর্মসূচিতে অংশগ্রহণ করে তিনি একথা বলেন।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা, বিধায়ক শম্ভুলাল চাকমা, ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস প্রমুখ উপস্থিত ছিলেন। গতকালের অনুষ্ঠান থেকে, ব্রু জনগোষ্ঠীর সুবিধা প্রাপকদের জন্য ড্রাইভিং লাইসেন্স, চাকরির অফার, দ্বিতীয় পর্যায়ের দক্ষতা বিকাশ প্রশিক্ষণসহ ভার্চুয়াল মাধ্যমে একগুচ্ছ পরিকাঠামো উন্নয়ণ প্রকল্পের সূচনা করেন মুখ্যমন্ত্রী।

************************

**Science Drama Competition :**

রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের উদ্যোগে এবং সমগ্র শিক্ষার সহযোগিতায় গতকাল আগরতলার সুকান্ত একাডেমীতে রাজ্যভিত্তিক স্কুল বিজ্ঞান নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় রাজ্যের ৮টি জেলার শ্রেষ্ঠ স্কুলের ছাত্রছাত্রীরা অংশ গ্রহণ করে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা। প্রতিযোগিতার বিজয়ী নাট্যদল উদয়পুর রমেশ ইংরেজি মাধ্যম স্কুল, চলতি মাসের ২১ তারিখে গুয়াহাটিতে অনুষ্ঠেয় আঞ্চলিক স্কুল বিজ্ঞান নাটক প্রতিযোগিতায় অংশ নেবে|

************************

**DLC Campaign 4.0 :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, পেনশন ও পেনশনভোগী কল্যাণ বিভাগ, মুখাবয়ব শনাক্তকরণ প্রযুক্তির মাধ্যমে পেনশনভোগীদের জীবন শংসাপত্র জমা দেওয়ার প্রক্রিয়াকে সহজ করতে চলতি মাসে দেশব্যাপী ডিজিটাল জীবন প্রমান

শংসাপত্র প্রচারাভিযানের চতুর্থ পর্যায়ের আয়োজন করেছে। গতকাল আগরতলার মুক্তধারায় এ সংক্রান্ত এক আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি একথা বলেন।অর্থমন্ত্রী আরও বলেন, এই পদ্ধতিতে পেনশনভোগীরা স্মার্ট ফোনের আধার লিঙ্ক যুক্ত পরিচয়ের মাধ্যমে, আরও সহজে শংসাপত্র জমা দিতে সক্ষম হবেন।

************************

**Press Meet-Kailashahar :**

ঊনকোটি জেলাতেও আগামী ১৮ই নভেম্বর রান ফর ইউনিটি অনুষ্ঠিত হবে| গতকাল সাংবাদিক সম্মেলনে একথা জানান, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার। তিনি জানান, বন্দেমাতরম রচনার ১৫0 তম বর্ষপূর্তি উপলক্ষে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তাছাড়া আগামী পনেরোই নভেম্বর কৈলাশহরের রাংরুং চা-বাগান হাইস্কুল মাঠে ভগবান বীরসা মুন্ডার জন্মজয়ন্তী উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন রয়েছে।

************************

**Yuba Utsab-Teliamura :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল তেলিয়ামুড়া চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন মুখ্যসচেতক কল্যাণী সাহা রায়। এই যুব উৎসবে লোকনৃত্য, লোকসংগীত, প্রবন্ধ, কবিতা পাঠ, আলোচনাচক্র এবং বিজ্ঞান বিষয়ক মডেল প্রদর্শনীর আয়োজন করা হয়|

************************

**Prevention of Child Marriage-Prayas :**

প্রয়াস কর্মসূচির অঙ্গ হিসাবে গতকাল রানীরবাজার নলগড়িয়াস্থিত সুকান্ত একাডেমি ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এক সচেতনতা সভার আয়োজন করা হয়। রানীর বাজার থানার উদ্যোগে আয়োজিত এই সভায় বিভিন্ন বক্তা সাইবার অপরাধ, বাল্যবিবাহ রোধ এবং ড্রাগসের ক্ষতিকারক দিক নিয়ে আলোচনা করেন।

************************

**Tabla Competition-Sepahijala :**

সিপাহীজলা জেলা ভিত্তিক অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি তবলা প্রতিযোগিতা গতকাল বিশ্রামগঞ্জের শচীন দেব বর্মন স্মৃতি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। তথ্য সংস্কৃতি দপ্তর, বিদ্যালয় শিক্ষাদপ্তর ও জিলা পরিষদ আয়োজিত এই প্রতিযোগিতায় উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত।

************************

**Shefali's Two Medals :**

চেন্নাইয়ে ২৩তম এশিয়ান মাস্টার্স এথলেটিক্স প্রতিযোগিতায় দেশকে আরও দুটি পদক এনে দিলেন ত্রিপুরার বর্ষিয়ান এথলেট শেফালী বর্ধন। গতকাল আসরের দ্বিতীয় দিনে শেফালী ৭৫ বছর ঊর্ধ্ব বিভাগে ৮০ মিটার হার্ডলসে স্বর্ণ এবং ট্রিপল জাম্পে রৌপ্য পদক পান।

************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি|  আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস|

************************

************************